গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

বিষয়ঃ বাংলাদেশের সরকারি/ বেসরকারি ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট সমূহে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি পরীক্ষা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	**জাহিদ মালেক**, এমপি মাননীয় প্রতিমন্ত্রী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
তারিখ	:	০১/১১/২০১৭ খ্রি:
সময়	:	বিকাল ০২:৩০ টা।
স্থান	:	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-০৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট-'ক'তে সন্নিবেশিত রয়েছে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। গত ০৬/১০/২০১৭ খ্রিস্টাব্দে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ১ম বর্ষে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত পরীক্ষা সংশ্লিষ্ট সকলের সক্রিয় অংশগ্রহণে সফলতার সাথে সম্পন্ন হয়। এজন্য সভাপতি এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে প্রাণঢালা অভিনন্দন জানান। একইভাবে, আগামী ১০/১১/২০১৭ খ্রিস্টাব্দে বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষা সফলভাবে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করে আলোচ্য সভায় সকলের মতামত জানতে চান।

অত:পর তিনি সচিব মহোদয়কে সভার আলোচ্যসূচী পেশ করার অনুরোধ জানান। সচিব মহোদয় ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য আহুত এ সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন, বাংলাদেশের ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে বিডিএস কোর্সে আগামী ১০/১১/২০১৭ খ্রিস্টাব্দে (শুক্রবার) সকাল ১০:০০ টায় অনুষ্ঠিত হবে। মোট কেন্দ্র ০৫ (পাঁচ) টি, যথাক্রমে ক) ঢাকা ডেন্টাল কলেজ, মিরপুর, ঢাকা; খ) চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম; গ) রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী; ঘ) শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা; ঙ) স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা। সরকারি ০৯ (নয়) টি কলেজ ও ডেন্টাল ইউনিটে আসন সংখ্যা ৫৩২ (পাঁচশত বত্রিশ) টি এবং বেসরকারি ২৫ (পচিঁশ) টি ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিটে আসন সংখ্যা ১৩৮৫ (এক হাজার তিনশত পচাশি) টি। এ বছর ০৫ (পাঁচ) টি কেন্দ্রের ০৯ (নয়) টি ভেন্যুর সর্বমোট ২৮৬ (দুইশত ছিয়াশি) টি কক্ষে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১৯১৭ (উনিশশত সতের) টি আসনের বিপরীতে ২২,৫০৯ (বাইশ হাজার পাঁচশত নয়) জন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নেবে। কিভাবে প্রশ্নাতীতভাবে সকল কেন্দ্র/ ভেন্যুতে পরীক্ষা গ্রহণ করা হবে এ বিষয়েই আজকের সভা।

অধ্যাপক ডাঃ মাহমুদ হাসান, সাবেক সভাপতি, বি এম এ বলেন, সততা, নিষ্ঠা এবং সর্বোচ্চ আন্তরিকতার সাথে বিডিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠান সম্পন্ন করতে হবে। সামান্য বিচ্যুতি কিংবা অবহেলা সমগ্র অর্জনকে নষ্ট করে দিতে পারে, কাজেই সবাইকে আন্তরিক হতে হবে।

অধ্যাপক ডাঃ মোঃ সানোয়ার হোসেন, সাবেক সভাপতি, বি সি পি এস বলেন, ২০১৭-১৮ শিক্ষাবর্ষে বিডিএস ১ম বর্ষে ভর্তি পরীক্ষার সময় প্রশ্নপত্র প্রণয়ন, মডারেশন, প্রশ্নপত্র কেন্দ্রে পৌছানো, কেন্দ্র থেকে উত্তরপত্র ঢাকায় আনা, প্রশ্নপত্র মূল্যায়ন সহ সকল কার্যক্রম সর্বোচ্চ সতর্কতার সঙ্গে সম্পন্ন করা হবে। এক্ষেত্রে কারো কোন প্রকার শৈথিল্য কোন ক্রমেই বরদাস্ত করা হবে না। আইন শৃংখলা রক্ষাকারি সংস্থাসমূহের সঙ্গে একটি সভা অনুষ্ঠান করা যেতে পারে। তিনি আরো বলেন, এমবিবিএস পরীক্ষা ভালো ভাবে হয়েছে এ আত্মতৃপ্তির চেয়ে সামনের পরীক্ষা নির্বিঘ্নভাবে সম্পন্ন করা অতি জরুরী

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

সৈয়দ আবুল মকসুদ, বিশিষ্ট কলামিস্ট সভাকে জানান যে, এমবিবিএস/বিডিএস কোর্সে ১ম বর্ষে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষা এবং ২০১৭-১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সের ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদন করা হয়েছে। তাই, চিকিৎসা পেশার মর্যাদা সমুন্নত রাখতে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে বিডিএস ১ম বর্ষে ভর্তি পরীক্ষাও উক্ত পরীক্ষাসমূহের ন্যায় সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে।

জনাব নাইমুল ইসলাম খান, সম্পাদক, দৈনিক আমাদের অর্থনীতি বলেন, সকলের আন্তরিকতায় ২০১৭-১৮ শিক্ষাবর্ষে অনুষ্ঠিত এমবিবিএস ভর্তি পরীক্ষার ন্যায় বিডিএস এর ভর্তি পরীক্ষাও সবার সক্রিয় অংশগ্রহণে সফলতা লাভ করবে।

পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর সভায় বলেন, বিডিএস এর ভর্তি পরীক্ষা নিয়ে ইতোপূর্বে পৃথকভাবে কোন সভা অনুষ্ঠিত হয়নি। তাই, এ বছর এ সভা আহ্বানের জন্য সভাপতি মহোদয়কে আন্তরিকভাবে ধন্যবাদ জানান। ২০১৭-১৮ শিক্ষাবর্ষে বিডিএস ভর্তি পরীক্ষা সফলভাবে অনুষ্ঠানের জন্য সকল কার্যক্রম নিশ্ছিদ্র নিরাপত্তার মধ্যে চলমান আছে। পরীক্ষা অনুষ্ঠান সুসম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। তবে তিনি কেন্দ্রে পরিদর্শক কর্তৃক মোবাইল ফোন ব্যবহারের বিষয়টি নিয়ন্ত্রিত হওয়া প্রয়োজন মর্মে নিজের অভিমত দেন।

ঢাকা মেডিকেল কলেজ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, রাজশাহী মেডিকেল কলেজ, চট্টগ্রাম মেডিকেল কলেজ এবং ঢাকা ডেন্টাল কলেজ এর সম্মানিত অধ্যক্ষবৃন্দ বিডিএস ভর্তি পরীক্ষা সফলতার সাথে সম্পন্ন করতে তাদের সকল প্রকার প্রস্তুতির কথা সভাকে অবহিত করেন এবং দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

সভাপতি বলেন, বিডিএস ভর্তি পরীক্ষা পূর্বের ন্যায় সুষ্ঠুভাবে সম্পন্ন করতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সকল প্রকার পদক্ষেপ গ্রহণ করতে বদ্ধপরিকর।

<u>সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সুপারিশসমূহ গৃহীত হয়:</u>

ক) এমবিবিএস কোর্সে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার ক্ষেত্রে যে ধরণের সতর্কতা ইতোপূর্বে অবলম্বন করা হয়েছে, একই ধরণের সতর্কতা অবলম্বন করে নিজ নিজ দায়িত্ব সকলকে পালন করতে হবে।

খ) এমবিবিএস কোর্সে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষা সফল করতে যে ধরণের প্রযুক্তিগত সহায়তা নেয়া হয়েছিল, তা বহাল থাকবে। প্রয়োজনে আরো উন্নত প্রযুক্তির সহায়তা গ্রহণ করা হবে।

গ) বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের ক্ষেত্রে কারো কোন প্রকার শৈথিল্য বরদাস্ত করা হবে না। এক্ষেত্রে পূর্বের ন্যায় জিরো টলারেন্স নীতি অবলম্বন করা হবে।

ঘ) পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহারের ক্ষেত্রে পূর্বে ব্যবহৃত সমস্ত নীতিমালা বহাল থাকবে। উপরন্তু, এবারে সকল পরীক্ষক তাদের মোবাইল ফোন সাইলেন্ট করে কেন্দ্রের নির্দিষ্ট একটি স্থানে নির্ধারিত ব্যক্তির তত্ত্বাবধানে রেখে দেবেন। বিশেষ প্রয়োজনে নির্দিষ্ট স্থানে গিয়ে ফোন করে আসবেন। কোনক্রমেই পরীক্ষাকক্ষে মোবাইল ফোন নিয়ে প্রবেশ করবেন না।

ঙ) বিডিএস ভর্তি পরীক্ষায় আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে আইন শৃংখলা বাহিনী সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অংশগ্রহণে একটি সভা করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জাহিদ মালেক এমপি)
মাননীয় প্রতিমন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নং: স্বাশিপক/চিশি-১/এমবিবিএস/বিডিএস/ছাত্র-ছাত্রী ভর্তি-০১/২০১৭- ৩৭৮ তারিখ: ০৫/১১/২০১৭ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

০১.অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০২. অতিরিক্ত সচিব (পরিবার কল্যাণ, জনসংখ্যা ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৩. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৪. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৫. অধ্যাপক ডাঃ মাহমুদ হাসান, সাবেক সভাপতি, বি এম এ, বি এম এ ভবন, তোপখানা রোড, ঢাকা।
০৬. অধ্যাপক ডাঃ সানোয়ার হোসেন, সাবেক সভাপতি, বি সি পি এস, ৬৭, শহীদ তাজউদ্দিন আহমেদ স্মরণী, মহাখালী, ঢাকা।
০৭.সভাপতি, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন (বিএমএ), তোপখানা, ঢাকা।
০৮. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৯. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০.সভাপতি, বিসিপিএস, মহাখালী, ঢাকা।
১১. সভাপতি, বিএমএন্ডডিসি, ঢাকা।
১২. মহা-সচিব, বিএমএ, তোপখানা রোড, ঢাকা।
১৩. পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন)/পরিচালক (ডেন্টাল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৪. ডীন, চিকিৎসা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৫. ডীন, চিকিৎসা অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম ।
১৬. ডীন, চিকিৎসা অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
১৭. অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ/শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট/স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট, ঢাকা/চট্টগ্রাম মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট, চট্টগ্রাম/রাজশাহী মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট, রাজশাহী/ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা।
১৮. সৈয়দ আবুল মকসুদ, বিশিষ্ট কলামিস্ট, ধানমন্ডি, ঢাকা।
১৯. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১.জনাব গোলাম সারোয়ার, সম্পাদক, দৈনিক সমকাল, ঢাকা।
২২. ডক্টর জাফর ইকবাল, অধ্যাপক, শাহ্-জালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়,সিলেট।
২৩ জনাব নাইমুল ইসলাম খান, সম্পাদক, দৈনিক আমাদের অর্থনীতি, ঢাকা।
২৪.জনাব মঞ্জুরুল আহসান বুলবুল, সিইও, একুশে টেলিভিশন, কাওরানবাজার, ঢাকা।
২৫.জনাব আব্দুল কাইয়ুম মুকুল, যুগ্ম-সম্পাদক, দৈনিক প্রথম আলো, কাওরানবাজার, ঢাকা।
২৬.সৈয়দ ইশতিয়াক রেজা, পরিচালক (বার্তা), ৭১ টেলিভিশন, ঢাকা।
২৭. সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

০৫/১১/২০১৭

(খান মোঃ নূরুল আমীন)
উপ-সচিব
ফোনঃ-৯৫৪০৭৩০